

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
“জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কর্মসূচি  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০৩২.০১৯.০২.১৪-২০৫

তারিখ: ০৪/০৯/২০১৯


বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কর্মসূচির  
ট্রেড প্রশিক্ষকদের চাকুরি নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ” কর্মসূচির ৬৪ টি জেলায় স্থানীয় চাহিদার ভিত্তিতে নির্বাচিত ৫টি ট্রেডের অনুকূলে স্থানীয় কমিটির মাধ্যমে নিয়োগকৃত ট্রেড প্রশিক্ষকদের চাকুরি নবায়ন করার ক্ষেত্রে মহিলা বিষয়ক অধিদপ্তরের স্মারক নং-৩২.০১.০০০০.০৩২.০১৯.০২.১৪-১৩৪; তারিখ: ১৯/০৭/২০১৮ এর নির্দেশনা মোতাবেক নবায়ন পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আবশ্যিকতা রয়েছে। কিন্তু অদ্যাবধি কোন জেলা হতে এ বিষয়ে কোন তথ্যাদি পাওয়া যায়নি।

অতএব জরুরীভাবে এতদ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)  
মহিলা বিষয়ক অধিদপ্তর

  
(রেজিনা আরজু লাভনী)  
কর্মসূচি পরিচালক

“জীবিকায়নের জন্য মহিলাদের  
দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কর্মসূচি  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংশ্লিষ্ট কর্মকর্তা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। অফিস কপি।